



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

১১ ভদ্র ১৪৩০

তারিখ: -----

২৭ আগস্ট ২০২৩

ডিএমডি সার্কুলার লেটার নং-০৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

বিনিয়োগকারীদের অনুকূলে সুকুক বরাদ্দ প্রসঙ্গে।

অত্র বিভাগের ২১/১০/২০২০ তারিখের ডিএমডি সার্কুলার নং-০৫ এর মাধ্যমে জারিকৃত ‘বাংলাদেশ সরকার বিনিয়োগ সুকুক গাইডলাইন, ২০২০’ অনুসারে সুকুক ইস্যুর ক্ষেত্রে বিনিয়োগকারীদের অনুকূলে নিম্নোক্তভাবে সুকুক বরাদ্দ প্রদান করা হবে:

শ্রেণি	বিনিয়োগকারীদের ধরণ	বিনিয়োগকারীদের অনুকূলে সুকুক বরাদ্দের শতকরা হার
১.	শরীয়াহ্ ভিত্তিক ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও বীমা কোম্পানি	ইস্যুতব্য সুকুকের ৮৫%
২.	কনভেনশনাল ব্যাংকগুলোর ইসলামিক ব্রাঞ্চ ও উইডোজ	ইস্যুতব্য সুকুকের ১০%
৩.	ব্যক্তিপর্যায়ের বিনিয়োগকারী, প্রভিডেন্ট ফান্ড, ডিপোজিট ইন্স্যুরেন্স প্রভৃতি	ইস্যুতব্য সুকুকের ৫%

এছাড়া, উল্লিখিত ০৩টি শ্রেণির পাশাপাশি সকল কনভেনশনাল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/বীমা কোম্পানি সুকুক অকশনে অংশগ্রহণ করতে পারবে এবং বিনিয়োগকারীদের অনুকূলে সুকুক বরাদ্দের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করা হবে:

- ০৩টি শ্রেণিতেই নির্ধারিত অনুপাতের চেয়ে বেশি বিড দাখিল হলে প্রত্যেক শ্রেণির বিড দাখিলকারীদের মধ্যে সমানুপাতিক হারে (pro-rata basis) সুকুক বরাদ্দ দেয়া;
- কোন শ্রেণিতে নির্ধারিত অনুপাতের চেয়ে কম বিড দাখিল হলে এবং অন্য কোন শ্রেণিতে নির্ধারিত অনুপাতের চেয়ে বেশি বিড দাখিল হলে অবশিষ্ট সুকুক বেশি বিড দাখিলকারীদের মধ্যে সমানুপাতিক হারে (pro-rata basis) বরাদ্দ দেয়া; এবং
- উল্লিখিত ০৩টি শ্রেণিতে প্রয়োজনীয় সাবক্রিপশন না পাওয়া গেলে অকশনে অংশগ্রহণকারী কনভেনশনাল ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং বীমা কোম্পানির মধ্যে অবশিষ্ট সুকুক আনুপাতিক হারে বরাদ্দ দেয়া।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাসুমা সুলতানা)

অতিরিক্ত পরিচালক

ফোন: ৯৫৩০২০৯

ই-মেইল: masuma.sultana@bb.org.bd